

উচ্চশিক্ষা নিতে মেধাবীদের বিদেশে পাড়ি কেন

## দেশীয় প্রতিষ্ঠানকে আস্থা অর্জন করতে হবে

|| অনলাইন ডেস্ক

২৯ আগস্ট ২০১৮, ০০:০০ | [প্রিন্ট সংস্করণ](#)

প্রতিবছরই উচ্চশিক্ষার জন্য দেশের বাইরে পাড়ি জমাচ্ছেন মেধাবী তরুণদের অনেকেই। এর প্রধান কারণ দেশে পড়াশোনা শেষ করে উপযুক্ত চাকরির নিশ্চয়তা নেই। মুষ্টিমেয় ভাগ্যবান ছাড়া অধিকাংশ চাকরিপ্রার্থীকেই লাখ লাখ টাকার ঘুম-বাণিজ্যে অংশ নিয়ে সোনার হরিণ চাকরি জোগাড় করতে হচ্ছে। ফলে অনেক শিক্ষিত তরুণের হতাশাই শুধু ভরসা।

অনেকেই বিদেশে সফলভাবে পড়াশোনা শেষ করে নিজের মেধা কাজে লাগিয়ে সেখানেই ভালো কাজ করছেন, এটা অবশ্যই সুখবর। কিন্তু এই ফিরে না আসার পরিমাণটি যদি বেশি হয়, তা হলে অবশ্যই এটি খুব দুশ্চিন্তার বিষয়। অথচ সবার অগোচরে বছরের পর বছর দেশ থেকে নীরবে ‘মেধা পাচার’ হয়ে যাচ্ছে। এর সুফল ভোগ করছে উন্নত বিশ্ব আর উন্নয়নশীল দেশ হয়েও এর ক্ষতির ভাগীদার হচ্ছে আমরা।

### You May Like

Sponsored Links by Taboola



**Gamers in Bhanga: Play this Game for 1 Minute and see why everyone is addicted**

Delta Wars



**You can play this Game in your browser for free**

Astro Conquest

এই ক্ষতি কাটিয়ে উঠতে প্রথমেই তরুণদের মাঝে দেশপ্রেমের শক্তি ভিত তৈরি করতে হবে। দেশে চাকরির অনিশ্চয়তা, শিক্ষাঙ্গনে আধিপত্যের রাজনীতি, বিদ্যাচর্চার অনুকূল পরিবেশ না থাকা, লেখাপড়ার বৈশ্বিক মানের ঘাটতি<sup>N</sup> মোটা দাগে এ চারটি কারণই উচ্চশিক্ষার প্রতি আগ্রহী শিক্ষার্থীরা বিদেশে পাড়ি দিচ্ছে। এই ধারা ঠেকাতে আমাদের দেশে চাকরির সুযোগ সুবিধা বাড়তে হবে। পাশাপাশি দেশের উচ্চশিক্ষা প্রতিষ্ঠানগুলোকে ছাত্রদের এবং উন্নত বিশ্বের আস্থা অর্জন করতে হবে। উচ্চশিক্ষা গ্রহণ তথা জ্ঞান অর্জনের পর দেশে ফিরে জাতীয় উন্নয়নে নিজেদের মেধা কাজে লাগানোর আগ্রহ ফিরে পেতে হবে ছাত্রদের। একজন দেশপ্রেমিকই সফল মানুষ হওয়ার ক্ষেত্রে এগিয়ে থাকেন। তেমন মানুষ তৈরির জন্য আমাদের সকল স্তরের শিক্ষাকে চেলে সাজাতে হবে। দেখতে হবে সুবিবেচনা ও দেশপ্রেমকে ধারণ করে দেশ ও মানুষের সেবায় এগিয়ে যাওয়ার মন্ত্রে দীক্ষিত হয় যেন প্রতিটি মেধাবী তরুণ। দেশপ্রেমকে জাগ্রত রাখতে সবচেয়ে বেশি দরকার ইতিহাস সচেতনতা। এবং নাগরিক দায়িত্ববোধ। দেশীয় প্রতিষ্ঠানগুলোতে শিক্ষার্থীদের মেধার যথার্থ বিকাশের পরিবেশ সৃষ্টি করতে হবে।

বাংলাদেশ অনেক সম্ভাবনার একটি দেশ। আর এই সম্ভাবনাগুলো সবার সামনে তুলে ধরার জন্য নিতে হবে বহুমুখী পদক্ষেপ। কর্তৃপক্ষের পাশাপাশি আমাদের সবার সম্মিলিত প্রচেষ্টাই মেধা পাচার রোধে কার্যকর ভূমিকা পালন করতে পারে।